



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম। www.bise-ctg.gov.bd



স্মারক নম্বরঃ চশিবো/বিদ্যা/চট্ট:দ(চন্দ)/১১৬৫/৯৬(অংশ-১)/১১২৪(৩),

তারিখ : ১৯. ০২. ২০২৩ খ্রি:

প্রেরক :

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
চট্টগ্রাম।

প্রাপক :

প্রধান শিক্ষক
পূর্ব সাতবাড়ীয়া বহুমুখী উচ্চ বিদ্যালয়
ডাক: হাজীপাড়া, চন্দনাইশ, চট্টগ্রাম

বিষয় : স্বীকৃতি নবায়ন।

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, উপর্যুক্ত ঠিকানাধীন পূর্ব সাতবাড়ীয়া বহুমুখী উচ্চ বিদ্যালয় এর স্বীকৃতি ০১/০১/২০২৩ খ্রিঃ তারিখ হতে ৩১/১২/২০২৫ খ্রিঃ তারিখ পর্যন্ত মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখায় ০৩ (তিন) বৎসরের জন্য নবায়ন করা হল। স্বীকৃতির সময়সীমা অর্থাৎ ৩১/১২/২০২৫ খ্রিঃ তারিখ অতিক্রান্ত হওয়ার পর স্বীকৃতি নবায়ন করা না হলে উক্ত স্বীকৃতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে এবং প্রতিষ্ঠানের মাধ্যমিক পর্যায়ে পাঠদান/পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যাদি পরিচালনা থেকে বারিত হবে।

অবশ্যই পালনীয় :

- প্রধান শিক্ষক ও শিক্ষকদের অফিসের সাথে সংযুক্ত ওয়াশরুম স্থাপন করতে হবে;
- বিষয় ভিত্তিক বিজ্ঞানাগার স্থাপন করতে হবে;
- বিধি মোতাবেক শিক্ষক কর্মচারীদের জন্য সাধারণ ভবিষ্য তহবিল চালু করা এবং প্রতিষ্ঠান প্রদত্ত বেতন ভাতা যথাযথভাবে সমন্বয় করতে হবে;
- বোর্ড কর্তৃপক্ষের পূর্বানুমোদন ছাড়া সংরক্ষিত তহবিলে রক্ষিত অর্থ ভাঙানো বা প্রত্যাহার করা যাবে না;
- বোর্ড কর্তৃক অনুমোদিত কমিটির মাধ্যমে প্রতিষ্ঠান পরিচালনা করতে হবে।

(ড. বিপ্লব গাজুলী)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

চট্টগ্রাম

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি।

১। জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম

২। অফিস নথি।

১৯.০২.২৩



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম। www.bise-ctg.gov.bd



স্মারক নম্বরঃ চশিবো/বিদ্যা/চট্ট:দ(চন্দ)/১১৬৫/৯৬(অংশ-১)/১১২৫(২),

তারিখ : ১৯. ০২. ২০২৩ খ্রি:

বিষয় : গার্হস্থ্য বিজ্ঞান বিষয় চালু রাখার অনুমতি প্রদান ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, তাঁর বিদ্যালয়ে গার্হস্থ্য বিজ্ঞান বিষয়ে শিক্ষক কর্মরত থাকায় এমপিও দাবী না করার শর্তে গার্হস্থ্য বিজ্ঞান বিষয় চালু রাখার অনুমতি প্রদান করা হল ।

(ড. বিপ্লব গাজুলী)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

চট্টগ্রাম ।

প্রাপক :

প্রধান শিক্ষক

পূর্ব সাতবাড়ীয়া বহুমুখী উচ্চ বিদ্যালয়

ডাক: হাজীপাড়া, চন্দনাইশ, চট্টগ্রাম